

ঢাকা ওয়াসা

২০২৪-২৫ অর্থ বছরের অনুমোদিত সংশোধিত বার্ষিক ক্রয়-পরিকল্পনার কপি
সংগৃহীত কোটেশন
প্রাক্কলন

বিষয়ঃ নির্মাণ (সিভিল) বিভাগের অফিসিয়াল কাজে ব্যবহারের জন্য HP Laser Jet P2035 প্রিন্টারের
(05A) টোনার ক্রয় কাজের প্রাক্কলন অনুমোদন প্রসঙ্গে।

অনুচ্ছেদঃ ১.০

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, নির্মাণ (সিভিল) বিভাগ ঢাকা ওয়াসার একটি গুরুত্বপূর্ণ দপ্তর। অত্র দপ্তর হতে ঢাকা ওয়াসার বিভিন্ন স্থাপনা যেমন আবাসিক বিল্ডিং, অফিস বিল্ডিং, বাউন্ডারী ওয়াল, পাম্প হাউসসহ সকল ধরনের নির্মাণ ও পূর্ণনির্মাণ করা হয়ে থাকে। অত্র বিভাগে নির্বাহী প্রকৌশলীসহ তাঁর অধীনে ০১ (এক) জন উপ-বিভাগীয় প্রকৌশলী, ০১ (এক) জন সহকারী প্রকৌশলী ও ০৬ (ছয়) জন উপ-সহকারী প্রকৌশলী কর্মরত রয়েছেন। দাপ্তরিক কাজসমূহ সম্পাদনে প্রতিনিয়ত কম্পিউটারের প্রিন্টারের প্রয়োজন হয়। নির্মাণ (সিভিল) বিভাগের ০১ (এক) জন সহকারী প্রকৌশলী ও ০১ (এক) জন উপ-সহকারী প্রকৌশলীর ব্যবহৃত কম্পিউটারের প্রিন্টারের টোনারের কালি শেষ হয়ে গেছে। টোনার প্রদানের জন্য কমন সার্ভিস বিভাগে চাহিদা প্রেরণ করা হলে, উক্ত বিভাগের পক্ষ হতে জানানো হয়েছে, বর্ণিত মডেলের টোনার মজুদ নেই। নির্মাণ (সিভিল) বিভাগের দৈনন্দিন কাজকর্ম সুষ্ঠুভাবে সম্পাদনের জন্য ফটোকপি মেশিনের টোনার জরুরীভাবে ক্রয় করা প্রয়োজন।


অনুচ্ছেদঃ ১.১

উপর্যুক্ত বর্ণনার নির্মাণ (সিভিল) বিভাগের অফিসিয়াল কাজে ব্যবহারের জন্য HP Laser Jet P2035 প্রিন্টারের (05A) টোনার ক্রয় কাজের জন্য ১টি প্রাক্কলন তৈরী করা হল (সংযুক্তি-৩)। বর্তমান বাজার দর অনুসরণে প্রণীত প্রাক্কলনে মোট ব্যয়ের পরিমাণ হয়েছে **৳ ২৪,৮০০.০০ (চব্বিশ হাজার আটশত)** টাকা মাত্র। উক্ত ব্যয় কম্পিউটার মেইনটেন্যান্স খাত (কোডঃ ০১-০২-০২৩) হতে নির্বাহ করা যেতে পারে। কাজটি জরুরী ও স্বল্প মূল্যের পণ্য হিসেবে পিপিআর-২০০৮ এর বিধি-৮১(১) অনুসরণে সরাসরি নগদে ক্রয় করা যেতে পারে। উক্ত টাকা অস্থায়ী অগ্রীম হিসেবে গ্রহণ করা হবে এবং কাজ শেষে ভাউচারের মাধ্যমে সমন্বয় করা হবে। ২০২৪-২৫ অর্থ বছরে নির্মাণ (সিভিল) বিভাগের অনুমোদিত সংশোধিত বার্ষিক ক্রয়-পরিকল্পনায় পিপিআর-২০০৮ এর বিধি ৮১(১) অনুসরণে সরাসরি নগদে ক্রয় কাজের জন্য “থোক বরাদ্দ” ধরা আছে (সংযুক্তি-১, ক্রমিক- ৫৬)।


অনুচ্ছেদঃ ১.২


এমতাবস্থায়, পিপিআর-২০০৮ এর বিধি-৮১(১) অনুযায়ী স্বল্প মূল্যের পণ্য হিসেবে সরাসরি নগদে ক্রয়ের লক্ষ্যে নির্মাণ (সিভিল) বিভাগের অফিসিয়াল কাজে ব্যবহারের জন্য কম্পিউটারের প্রিন্টারের ২টি HP Laser Jet P2035 প্রিন্টারের (05A) টোনার ক্রয় বাবদ **৳ ২৪,৮০০.০০ (চব্বিশ হাজার আটশত)** টাকা মাত্র অনুমোদনের জন্য উপস্থাপন করা হল। আলোচ্য কাজটি প্রধান প্রকৌশলী মহোদয়ের অনুমোদনের আওতাধীন।


০৫/০৬/২৫
মহোদয়ী হাসান ফাইয়াজ
উপ-সহকারী প্রকৌশলী
নির্মাণ (সিভিল) বিভাগ
ঢাকা ওয়াসা


০৫/০৬/২৫
Md. Delwar Hossain
Assistant Engineer
Civil Construction Division
Dhaka Wasa


০২.০৬.২৫
এস.এম. তৌফিকুর রহমান
নির্বাহী প্রকৌশলী (অঃ দাঃ)
নির্মাণ (সিভিল) বিভাগ
ঢাকা ওয়াসা।


০২/০৬/২৫
মোহাম্মদ হুমায়ুন কবীর
তত্ত্বাবধায়ক প্রকৌশলী (৯২ দাঃ)
এস.এম. ডব্লিউ.সি সার্কেল
ঢাকা ওয়াসা।


০২/০৬/২৫
প্রকৌশলী মোঃ আব্দুল সাদ্দাম খান
পদাধিকারী
ঢাকা ওয়াসা